# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড ঠান্ডার সময় বাড়িতে সালাত আদায় করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالصَّلَاةِ فِي الرِّحَالِ عِنْدَ وُجُودِ البرد الشديد

আরবী

2074 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ أَنَّ ابْنَ عُمَرَ نَزَلَ بِضَجْنَانَ لَيْلَةً بَارِدَةً فَأَمَرَهُمْ أَنْ يُصَلُّوا فِي الرِّحَالِ وحدَّثنا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا نَزَلَ فِي مَوْضِعٍ فِي اللَّيْلَةِ الْبَارِدَةِ أَمَرَهُمْ أَنْ يصلُّوا فِي الرِّحَالِ.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2074 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 339 ـ 340): ق نحوه , ويأتي بعد حديثين.

বাংলা

২০৭৪. নাফে‘ রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা  প্রচন্ড শীতের এক রাতে দ্বোজনান নামক জায়গায় অবতরণ করেন এবং তিনি তাদেরকে নিজ নিজ বাসস্থানে সালাত আদায় করার নির্দেশ দেন এবং তিনি আমাদের কাছে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন শীতের রাতে কোন জায়গায় অবতরণ করতেন, তখন তিনি সাহাবীদেরকে নিজ নিজ বাসস্থানে সালাত আদায় করার নির্দেশ দিতেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৩৩; আবূ দাঊদ: ১০৬৪; সুনান বাইহাকী: ৩/৭১; আবূ আওয়ানা: ২/১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/৩৩৯-৩৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91392

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন